দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website : www.cnfctg.com, www.cnfctg.org
E-mail : info@cnfctg.com, cnfctg.@gmail.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৩৭/২০১২ তারিখঃ ০৪/০৭/২০১২খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি, ২০ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ।

গত ১০ জুন, ২০১২ তারিখে কমিশনার, কাস্টম হাউস চট্টগ্রামের সাথে বিজিএমইএ, বিকেএমইএ ও চিটাগাং কাস্টমস্ সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের যৌথ সভার কার্যবিবরণী, নথি নং-এস-৪/৮৫/প্রশাসন/রপ্তানী/অ:আদেশ/০৮/২৪৩১৮ কাস, তারিখ-২৭/০৬/২০১২ সম্মানিত সদস্য/সদস্যাগণের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
( এম রহমান )
উপ সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কাস্টম হাউস, চট্টগ্রাম।**

নথি নং- এস-৪/৮৫/প্রশাসন/রপ্তানী/অ:আদেশ/০৮/২৪৩১৮ কাস তারিখ- ২৭/০৬/২০১২।

বিষয় ঃ **১০ জুন, ২০১২ তারিখে কমিশনার, কাস্টম হাউস চট্টগ্রামের সাথে বিজিএমইএ, বিকেএমইএ ও চিটাগাং কাস্টমস্ সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের যৌথ সভার কার্যবিবরণী।**

১০ জুন, ২০১২ তারিখে কমিশনার, কাস্টম হাউস চট্টগ্রাম জনাব ডঃ মারুফুল ইসলামের সভাপতিত্বে বিজিএমইএ, বিকেএমইএ ও চিটাগাং কাস্টমস্ সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের সাথে রপ্তানিমুখী পোশাক শিল্প সম্পর্কিত বিরাজমান কাস্টমস্ বিষয়ক সমস্যা সমাধানকল্পে এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় বিজিএমইএ, বিকেএমইএ, চিটাগাং কাস্টমস্ সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনের নেতৃবৃন্দ ও কাস্টম হাউস চট্টগ্রামের ঊর্ধ্বতন কর্মকর্তাগণসহ বিভিন্ন পোশাক শিল্প মালিকগণ উপস্থিত ছিলেন (সংযুক্তি-১)।

সভায় রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্পের সাথে সম্পর্কিত বিরাজমান কাস্টমস্ বিষয়ক সমস্যা সমাধানকল্পে বিজিএমইএ'র প্রস্তাবনা এবং কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে উপস্থাপন করা হলোঃ

| ক্রঃ নং | আলোচ্য সূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | বে-আইনী কর্মকান্ডে লিপ্ত Freight Forwarder-দের বিরুদ্ধে দ্রুত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা। | ফ্রেইট ফরওয়ার্ডার্স বিধিমালা সম্পর্কিত এসআরও-১৮/২০০৮ এর নির্দেশনা অমান্যকারী সংশ্লিষ্ট ফ্রেইট ফরওয়ার্ডার্সের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে দ্রুত পদক্ষেপ নেওয়া হবে। |
| ২ | পোশাক শিল্পের আমদানীকৃত মালামাল দ্রুত খালাসের লক্ষ্যে শুধুমাত্র সন্দেহের ভিত্তিতে IGM LOCK/BIN LOCK না করা এবং উচ্চমূল্যের কাপড়ের ক্ষেত্রে কায়িক পরীক্ষার প্রয়োজন হলে তা খালাস পর্যায়ে দ্রুত সম্পন্ন করা। | সাধারণত সুনির্দিষ্ট অভিযোগ/ তথ্যের ভিত্তিতে খালাসকালে ১০০% কায়িক পরীক্ষা করা হবে। |
| ৩ | প্রাইভেট আইসিডি'তে পোশাক শিল্পের আমদানি-রপ্তানি কার্যক্রম অনুমোদনে সার্বক্ষণিক কাস্টমস্ অফিসার নিয়োজিতকরণ এবং কার্যক্রম অনুমোদনে চট্টগ্রাম বন্দরের ন্যায় প্রাইভেট আইসিডিতে নিয়োজিত রাজস্ব কর্মকর্তা (RO) কে ক্ষমতা প্রদান করা। | প্রাইভেট আইসিডিতে পোশাক শিল্পের আমদানি-রপ্তানি কার্যক্রম অনুমোদনে সার্বক্ষণিক কাস্টমস্ অফিসার নিয়োজিত রয়েছে তাদের সর্বাধিক উপস্থিতি নিশ্চিত করা হবে। |
| ৪ | জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা মোতাবেক পোশাক শিল্পের আমদানীকৃত চালানের ক্ষেত্রে আইজিএম সংশোধনী দ্রুত অনুমোদন এবং মেনিফেস্ট দাখিলের পরে আমদানি ঋণপত্র স্থাপিত হলে সম্পূরক আইজিএম অনুমোদনের ক্ষেত্রে পোশাক শিল্পকে বিশেষ বিবেচনায় ন্যূনতম জরিমানা আদায় সাপেক্ষে কার্যক্রম অনুমোদন করা। | পোশাক শিল্পের আমদানীকৃত চালানের ক্ষেত্রে আইজিএম সংশোধনী দ্রুত অনুমোদন করা হবে। মেনিফেস্ট দাখিলের পরবর্তীতে আমদানি ঋণপত্র স্থাপিত হলে আমদানি নীতি আদেশ লঙ্ঘিত হয় বিধায় এ ক্ষেত্রে আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ৫ | নিরীক্ষা অনিস্পন্ন থাকার কারণে বন্ড লাইসেন্স স্থগিত করা হলে উক্ত প্রতিষ্ঠানের রপ্তানি কার্যক্রম অনুমোদন করা। | নিরীক্ষা অনিস্পন্ন থাকার কারণে বন্ড লাইসেন্স স্থগিত করা হলে বন্ড কমিশনারেট, ঢাকার পত্র নং-৫(১৩)৩৪/কাস-বিবিধ/২০০৩/১০৮৬৫[১(২)], তারিখ- ২৩/০৬/২০০৪ অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রপ্তানি অনুমোদন করা হয়। |
| ৬ | পাশ বইয়ে রপ্তানি তথ্য এন্ট্রি বিষয়ে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক সর্বশেষ অফিস আদেশ নং- ০২ তারিখ- ৩০/৭/২০০৬ যথাযথভাবে কার্যকর করা। | পাশ বইয়ে রপ্তানি তথ্য এন্ট্রি বিষয়ে বিজিএমইএ কর্তৃক অনলাইনে ইউডি প্রেরণ নিশ্চিত করে ডিজিটাল পাশবুক কার্যক্রম শুরু করা হলে বিষয়টি সহজীকৃত হবে। ডিজিটাল পাশবুকের কার্যক্রম শুরু না হওয়া পর্যন্ত কাস্টম হাউস চট্টগ্রাম কর্তৃক এ সংক্রান্ত সর্বশেষ অফিস আদেশ নং- ০২ তারিখ- ৩০/৭/২০০৬-এর যথাযথ প্রয়োগ নিশ্চিত করা হবে। |

| ক্রঃ নং | আলোচ্য সূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৭ | সংশ্লিষ্ট দলিলাদি দাখিল করা হলে দ্রুত পুনঃ রপ্তানী কার্যক্রম অনুমোদন করা। | এক্ষেত্রে পুনঃরপ্তানি কার্যক্রম দ্রুত অনুমোদন নিশ্চিত করা হবে। |
| ৮ | **বিবিধঃ** | |
| (ক) | বন্দরস্থ জেটি কাস্টমসে পণ্য পরীক্ষণ বিভিন্ন কার্যক্রম সম্পাদনে ২ জন সহকারী রাজস্ব কর্মকর্তা রয়েছে। বর্তমানে আমদানিকৃত পণ্য খালাসে ১০০% কায়িক পরীক্ষণ বৃদ্ধি পাওয়ায় ২ জন সহকারী রাজস্ব কর্মকর্তাকে দিয়ে পণ্য পরীক্ষণ সম্পাদনে বিলম্ব হচ্ছে। এ স্থলে আরো ২ জন সহকারী রাজস্ব কর্মকর্তা পদায়ন করা। | বন্দরস্থ জেটি কাস্টমসে আরো ২ জন সহকারী রাজস্ব কর্মকর্তা পদায়নের বিষয়টি বিবেচনা করা হবে। |
| (খ) | বর্তমানে গার্মেন্টস সাবটিম ১২ ও ১৩ এর জন্য রাজস্ব কর্মকর্তা ১ (এক) জন এবং ১৪ এর জন্য ১ (এক) রাজস্ব কর্মকর্তা রয়েছে। পোশাক শিল্পের আমদানিকৃত চালান দ্রুত শুল্কায়নে গ্রপ ১২, ১৩ ও ১৪ সাবটিমে ৩ (তিন) জন রাজস্ব কর্মকর্তা পদায়ন করা। | গার্মেন্টস সাবটিম ১২, ১৩ ও ১৪ তে পৃথক পৃথক রাজস্ব কর্মকর্তা পদস্থ করা হবে। |
| (গ) | No Commercial Value ভিত্তিতে আমদানিকৃত চালানের ক্ষেত্রে শুল্কায়নে সংশ্লিষ্ট গ্রুপ কর্তৃক আলাদা নথি করে ডেপুটি কমিশনার পর্যায়ে অনুমোদনের জন্য প্রেরণে সময়ক্ষেপণ হচ্ছে। এ'ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রুপ কর্তৃক শুল্কায়ন সম্পন্ন করা। | পোশাক শিল্পের জন্য No Commercial Value ভিত্তিতে আমদানিকৃত কাঁচামাল খালাসে জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ৩(১) শুল্ক: রপ্তানি ও বন্ড/২০০১ তারিখ ১৩/১২/২০০৩ অনুসারে কার্যক্রম সম্পাদিত হবে। |
| (ঘ) | পোশাক শিল্পের রপ্তানিকৃত চালান শাট-আউট ও শিপিং বিল বাতিল, শিপিং বিলের সংশোধনী ইত্যাদি অনুমোদনের ক্ষেত্রে সহকারী কমিশনার এর পরিবর্তে সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা কর্তৃক সম্পাদন করে কার্যক্রম সহজীকরণ করা। | রপ্তানিতব্য পণ্য চালান শাট-আউট, শিপিং বিল বাতিল ও শিপিং বিল সংশোধনী অনুমোদনের ক্ষেত্রে অফিস আদেশ নং- ৪৩, তারিখ- ২৫/০৯/২০০১ অনুযায়ী কার্যক্রম গৃহীত হচ্ছে। তবে, ছুটির দিনে এ সকল কার্যক্রম রাজস্ব কর্মকর্তা পর্যায়ে সম্পাদন করা হবে। এ ক্ষেত্রে পরবর্তী কর্ম দিবসে সংশ্লিষ্ট সহকারী/ডেপুটি কমিশনার Post Facto অনুমোদন দেবেন। |

২। পরিশেষে সভাপতি কাস্টম হাউস চট্টগ্রাম সংশ্লিষ্ট যে কোন সমস্যা সমাধানের ক্ষেত্রে সকলের আন্তরিক সহযোগিতা কমনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
**(ড. মারুফুল ইসলাম)**
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস চট্টগ্রাম
ফোন # ০৩১-৭১৩৯১৮
ই-মেইল # maruful@nbr.gov.bd

নথি নং- এস-৪/৮৫/প্রশাসন/রপ্তানি/অ:আদেশ/০৮/২৪৩১৮ তারিখ- ২৭/০৬/২০১২।